গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
dpe.mymensinghdiv.gov.bd

## তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ রকিব উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ । |
| তারিখ | : | ০৭/১২/২০২২ |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| **জুম আইডি** | : | **2092405137** |
| **পাসকোড** | : | **urc2003** |

**আলোচ্য বিষয়:**

১. তথ্য অধিকার বাস্তবায়ন সম্পর্কিত আলোচনা;
২. তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে সচেতনতা সৃষ্টি;
৩. বিবিধ;

বিভাগীয় উপপরিচালকের সম্মতিক্রমে তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত ভার্চুয়াল সভা শুরু হয়। সভার শুরুতেই বিভাগীয় উপপরিচালক সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনার জন্য জনাব মুহাম্মদ জাহিদুর রহমান, সহকারী শিক্ষা অফিসার, উপপরিচালকের কার্যালয়-কে নির্দেশনা দেন । জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্টগণ সভায় স্ব-স্ব জেলা ও কার্যালয়ের তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম তুলে ধরেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার বাস্তবায়ন সম্পর্কিত আলোচনা | বিভাগীয় প্রাথমিক শিক্ষার সকল পর্যায়ে অফিস সমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার নিমিত্ত এবং তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি আওতায় তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত বিষয়গুলোর অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি জানান তথ্য অধিকার আইন অনুসারে প্রত্যেকটি অফিসে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নাগরিকদের আবেদনের প্রেক্ষিতে তথ্য প্রদান করে থাকেন। এক্ষেত্রে কোন তথ্য উক্ত আইন অনুযায়ী প্রদান করা সম্ভব না হলে বিষয়টি আবেদনকারীকে যথানিয়মে জানাতে হবে। তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করাসহ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যাদি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। | তথ্য অধিকার আইন অনুসারে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ নাগরিকদের আবেদনের প্রেক্ষিতে তথ্য নিষ্পত্তি করাসহ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যাদি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |
| ০২ | তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে সচেতনতা সৃষ্টি | সভাপতি তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের জন্য এ সংক্রান্ত আলোচনা জেলা ও বিভাগ পর্যায়ের সকল সমন্বয় সভার আলোচ্য সূচিতে অন্তর্ভুক্ত করার জন্য আহ্বান জানান। তিনি তথ্য অধিকার আইন,২০০৯ এর বিধিমালা, প্রবিধিমালা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার জন্য সকল অফিস প্রধানদের নির্দেশনা প্রদান করেন এবং তথ্য অধিকার সংক্রান্ত প্রতি ত্রৈমাসিকে অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ জানান। এছাড়াও প্রত্যেক কার্যালয়ে স্থাপিত অভিযোগ/পরামর্শ বাক্স নিয়মিত খুলে, কোন পরামর্শ/অভিযোগ আছে কিনা তার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। | (১) তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের জন্য এ সংক্রান্ত আলোচনা জেলা ও বিভাগ পর্যায়ের সকল সমন্বয় সভার আলোচ্য সূচিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) তথ্য অধিকার আইন,২০০৯ এর বিধিমালা, প্রবিধিমালা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) প্রতি ত্রৈমাসিকে অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) প্রত্যেক কার্যালয়ে স্থাপিত অভিযোগ/পরামর্শ বাক্স নিয়মিত খুলে, কোন পরামর্শ/অভিযোগ আছে কিনা সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৩ | বিবিধ | বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্টগণকে তাঁর আওতাধীন সকল অফিস সমূহের তথ্য অধিকার সংক্রান্ত ফোকাল পার্সনগণকে নিয়মিত প্রাপ্ত তথ্য নিষ্পত্তির আহ্বান জানান। এছাড়াও স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহ নিজ নিজ ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। | সকল অফিস সমূহের তথ্য অধিকার সংক্রান্ত ফোকাল পার্সনগণকে নিয়মিত প্রাপ্ত তথ্য নিষ্পত্তি করাসহ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহ নিজ নিজ ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

০৮/১২/২০২২

(মোহাম্মদ রকিব উদ্দিন)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা,ময়মনসিংহ বিভাগ
ময়মনসিংহ।
02-997710283
ddpmymen@gmail.com

০৮/১২/২২

স্মারক নং: ৩৮.৪৫.০০০০.০০০.১৮.১০৯.২০.২০৮৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
২। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। সংরক্ষণ নথি।